



## কোভিড-19 টিকা (ভ্যাকসিন) এবং আপনার প্রজনন ক্ষমতা

বিশেষজ্ঞ চিকিত্সকরা সহ বিজ্ঞানীরা একমত যে, এই টিকা নিলে প্রজনন ক্ষমতার ক্ষতি হওয়া অসম্ভব।

টিকা (ভ্যাকসিন) গুরুতর অসুস্থ হওয়া থেকে অথবা কোভিড-19 থেকে মারা যাওয়া থেকে রক্ষা করে। যদি কোভিড-19 হলে আপনার অবস্থা বিপজ্জনক হওয়ার সম্ভাবনা থাকে, তাহলে জরুরী সহকারে নিজেকে সুরক্ষিত করে নেবেন এবং আপনাকে যখন টিকা নিতে বলা হবে তখনই তা নিয়ে নেবেন।

টিকায় প্রজনন ক্ষমতা নষ্ট করে দেয় বলে অনেক গুজব রয়েছে। কিন্তু তা সত্য নয়।

এর কারণ হলো:

- এমন কোনো বৈজ্ঞানিক প্রক্রিয়া নেই, যে প্রক্রিয়ায় টিকা মহিলাদের প্রজনন ক্ষমতার ক্ষতি করতে পারে।
- যে কোনো টিকার মতই কোভিড-19 এর টিকাগুলো আপনার শরীরকে শিক্ষা দেবে রোগের বিরুদ্ধে কিভাবে যুদ্ধ করতে হয় এবং এন্টিবডি তৈরি করবে, যা রোগের বিরুদ্ধে যুদ্ধ করবে। টিকায় এমন কোনো উপাদান নেই যা প্রজনন ক্ষমতার ক্ষতি করতে পারে। টিকার উপাদানগুলো মাত্র কয়েক দিনের মধ্যে শরীর থেকে চলে যায়।
- স্পাইক প্রোটিনে রোগ প্রতিরোধ ক্ষমতা গড়ে ওঠার কারণে প্রজনন ক্ষমতার ক্ষতি হওয়ার পক্ষে কোনো প্রমাণ নেই। কোভিড-19 দ্বারা আক্রান্ত হয়েছেন এমন বেশির ভাগ লোকের শরীরেই স্পাইক এন্টিবডি তৈরি হয়েছে। কিন্তু কোভিড-19 এর কারণে তাদের প্রজনন ক্ষমতা ক্ষতিগ্রস্ত হওয়ার কোনো প্রমাণ পাওয়া যায়নি।
- নতুন আবিষ্কৃত ওষুধ যখন প্রথম রোগীদেরকে দেয়া শুরু করা হয়, তখন গর্ভবতী নারীদেরকে বা সন্তান নেয়ার চিন্তাভাবনা করছেন এমন মহিলাদেরকে তা না দেয়ার সুপারিশ করা হয়। কোভিডের টিকা সম্পর্কে এখন আরো তথ্য জানা গেছে। টিকা নিরাপদ কি না তা পরীক্ষা করার দায়িত্বে নিয়োজিত নিরপেক্ষ সংস্থা (দি জয়েন্ট কমিটি ফর ভ্যাকসিনেশন্স এন্ড ইমুনায়েজেশন্স) তাদের পরামর্শ পরিবর্তন করে বলেছেন, যে কোনো একটি টিকা নেয়ার পর মহিলাদের গর্ভধারণ বিলম্বিত করার কোনো প্রয়োজন নেই।

### বিশেষজ্ঞরা কি বলেছেন

**জিপি:** Dr Colin Speers, local GP and Clinical Lead for COVID-19 Vaccination, NHS Wakefield Clinical Commissioning Group (CCG)

"এমন কোন প্রমাণ নেই যে, দুই টিকার কোনো একটি প্রজনন ক্ষমতার ক্ষতি করে বা এই সন্দেহের কোনো কারণও নেই। যাদেরকে টিকা নেয়ার আমন্ত্রণ জানানো হবে তাদের প্রত্যেককে তা নেয়ার আহ্বান জানাচ্ছি। টিকা নিরাপদ। টিকা আপনাকে ভাইরাসের বিরুদ্ধে শক্ত সুরক্ষা দেবে।"

**ব্রিটিশ ফাটিলিটি সোসাইটি এবং অ্যাসোসিয়েশন অব রিপ্ৰোডাক্টিভ অ্যান্ড ক্লিনিক্যাল সাইনিস্ট্‌স:**

"মোটাই কোন প্রমাণ, তত্ত্বগত কারণ নেই যে কোভিডের কোনো টিকা নারী বা পুরুষের প্রজনন ক্ষমতার ক্ষতি করে।"

**ডক্টর এডওয়ার্ড মরিস, রয়েল কলেজ অব ওবস্ট্রিশিয়ান এন্ড গাইনোকোলিস্টস এর প্রেসিডেন্ট**

"আমরা মহিলাদেরকে আশ্বস্ত করতে চাই যে, কোভিড-19 এর টিকায় প্রজনন ক্ষমতার ক্ষতি হয় - এমন কোনো প্রমাণ নেই। বর্তমানের কোনো টিকা মহিলাদের প্রজনন ক্ষমতার ক্ষতি করার মতো জীব বিজ্ঞান ভিত্তিক বাস্তবসম্মত প্রক্রিয়া নেই। যেসব মহিলা টিকা নিয়েছেন তাদের প্রজনন ক্ষমতায় কোনো সমস্যা হওয়ার কোনো প্রমাণ পাওয়া যায়নি।"

**ডক্টর গয়াত্রি অ্যামিরথ্যালিংগাম, কনসালট্যান্ট, পাবলিক হেলথ ইংল্যান্ড, ন্যাশন্যাল ইমুনাইজেশন টিম:**

"গবেষণায় দেখা গেছে যে, অন্য যে কোনো ভ্যাকসিনের মতই, টিকা নেয়ার পর টিকার উপাদান আপনার শরীরের লিম্ফ গ্লান্ডে যাবে। তারপর এক দুই দিনের ভিতরেই বর্জ্য হিসাবে শরীর থেকে বেরিয়ে যাবে। সুতরাং এমন কোনো বৈজ্ঞানিক প্রক্রিয়া নেই, যে প্রক্রিয়ায় আপনার বর্তমান প্রজনন ক্ষমতার ক্ষতি হতে পারে।"

**চীফ মেডিক্যাল অফিসার ফর ইংল্যান্ড, প্রফেসর ক্রিস হুইট:**

"কোনো টিকা দ্বারা প্রজনন ক্ষমতার ক্ষতি হওয়ার পক্ষে কোনো কারণ নেই। আর ক্ষতি যদি করেই তাহলে তা হবে আশ্চর্যজনক। এই ব্যাপারে কোনো চিন্তার প্রয়োজন নেই।"

**ডক্টর ভার্জিনিয়া বেকেট, ক্লিনিক্যাল লিড ফর রিপ্ৰোডাক্টিভ মেডিসিন, ব্র্যাডফোর্ড হসপিটাল্‌স এন এইচ এস ফাউন্ডেশন ট্রাস্ট:**

"টিকা নিলে গর্ভধারণ ক্ষমতার ক্ষতি হবে বলে অনেক মিথ্যা তথ্য ছড়ানো হচ্ছে কিন্তু জীব বিজ্ঞানের সূত্রে তা সম্ভব নয়। আপনি যদি গর্ভধারণের চেষ্টায় থাকেন, তাহলে এই টিকা নেয়ার জন্য আমি আপনাকে অনুরোধ করব যাতে গর্ভাবস্থায় কোভিড-19 থেকে আপনি নিরাপদ থাকেন।"

**আরো তথ্য:**

- ডক্টর গয়াত্রি অ্যামিথ্যালিংগাম এর ভিডিও কেন টিকা প্রজনন ক্ষমতার ক্ষতি করে না।  
<https://www.youtube.com/watch?v=aF4Hk5C27KU&list=PLLDaQ3SAWJh14Eha8es7pUVU1rCU1E5yU&index=1>
- ডক্টর ভার্জিনিয়া বেকেট এর ভিডিও, কেন সন্তান নিতে চান এমন মহিলাদের টিকা নেয়া উচিত।  
<https://twitter.com/bthft/status/1362028759822594050?s=24>
- [তথ্যপত্র](https://www.arcsScientists.org/wp-content/uploads/2021/02/Covid19-Vaccines-FAQ-1_2-logos-1.pdf) ব্রিটিশ ফার্মাসিউটিক্যাল সোসাইটি এবং অ্যাসোসিয়েশন অব রিপ্ৰোডাক্টিভ অ্যান্ড ক্লিনিক্যাল সাইন্টিস্টস:  
[https://www.arcsScientists.org/wp-content/uploads/2021/02/Covid19-Vaccines-FAQ-1\\_2-logos-1.pdf](https://www.arcsScientists.org/wp-content/uploads/2021/02/Covid19-Vaccines-FAQ-1_2-logos-1.pdf)
- দি রয়েল কলেজ অব অবস্ট্রিশিয়ান্স এন্ড গাইনোকোলজিস্টস এর পক্ষ থেকে তথ্য:  
[কোভিড-19 টিকা সম্পর্কে গর্ভবতী নারীদের জন্য তথ্য ও পরামর্শ](#)
- এই টিকা নেয়ার ব্যাপারে আপনার কোন চিন্তা থাকলে, আপনার জিপির সঙ্গে কথা বলে পরামর্শ নিন।